



**2022/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-401T/016**

TDC (CBCS) Even Semester Exam., 2022

BENGALI

(Honours)

(4th Semester)

Course No. : BNGHCC-401T

(বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ১। নজরুল ইসলাম সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো। 'ব্রজের গোপাল' বলতে কাকে বোঝানো হয়েছে?
- ২। 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' নজরুলের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? 'ফরমান' শব্দের অর্থ কী?
- ৩। "তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার।" এখানে 'তোমাতে' বলতে কবি কাকে বুঝিয়েছেন? 'গাহি _____ গান।' (শূন্যস্থান পূরণ করো)



SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত উপন্যাসের নাম কী? তাঁর লেখা ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাস ছাড়া আরও একটি উপন্যাসের নাম লেখো।
- ৫। কুবেরের শ্যালিকার নাম কী? কোন্ গ্রামে তার বিয়ে হয়েছিল?
- ৬। হোসেন মিঞা কোন্ দ্বীপের মালিক ছিল? মেজোবাবুর নাম কী?
- ৭। ‘সাজাহান’ নাটকটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? এই নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- ৮। “আমার হৃদয় শুধু এক শাসন জানে।” কার উক্তি? কীসের শাসনের কথা বলা হয়েছে?
- ৯। দারার দুই ছেলের নাম কী ছিল?
- ১০। গফুর জেলার বাড়ি কোথায় ছিল? জমিদার শিবচরণবাবুর পুরোহিতের নাম কী?
- ১১। তারিণী মাঝি কোন্ ঘাটের খেয়ামাঝি? সে ময়ূরাক্ষীর পুজো কখন করে?
- ১২। ‘ফসিল’ শব্দের অর্থ কী? অঞ্জনগড়ে কী কী শস্য ফলত?
- ১৩। ‘শ্রীমধুসূদন’ নাটকটি কার লেখা? এটি কোন্ ধরনের নাটক?
- ১৪। ‘শ্রীমধুসূদন’ নাটকে কয়টি দৃশ্য রয়েছে? নাটকে শেষদৃশ্য বলে সংযোজিত দৃশ্যটির বিষয় কী?
- ১৫। “আমার জীবনের প্রবলতম আকাঙ্ক্ষা আমি মহাকবি হব...।” উক্তিটি কার? তাঁর পিতা ও মাতার নাম উল্লেখ করো।

- ১৬। “নবজীবন সৃষ্টির অনিশেষ আকাঙ্ক্ষার ভাবরূপ মূর্ত হয়েছে ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতায়।” আলোচনা করো।
- ১৭। “নজরুল সাম্যের মন্ডলে সকলকে উদ্বোধিত হতে বলেছেন।” ‘মানুষ’ কবিতাটি বিশ্লেষণ করে বিষয়টি স্পষ্ট করো।
- ১৮। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- ১৯। “কুবের পদ্মানদীর মাঝি সম্প্রদায়ের প্রতিনিধি এবং একজন দোষগুণ সমন্বিত ব্যক্তি মানুষও।” কুবের চরিত্রের আলোকে বিষয়টি বিশ্লেষণ করো।
- ২০। ঐতিহাসিক নাটক হিসেবে ‘সাজাহান’ নাটকের সার্থকতা আলোচনা করো।
- ২১। “ঐতিহাসের সঙ্গে কল্পনার মিশ্রণে ব্যক্তিত্বময়ী ও মমতাময়ী নারী-চরিত্র সৃষ্টি করেছেন দ্বিজেন্দ্রলাল।” জাহানারা চরিত্র অবলম্বনে বিষয়টি বুঝিয়ে লেখো।
- ২২। গফুরের ভিটে ছাড়ার যে আর্থ-সামাজিক কারণ ‘মহেশ’ গল্পটিতে দেখানো হয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।
- ২৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘পুঁইমাচা’ গল্পে প্রকৃতির স্নিগ্ধমধুর যে রূপ চিত্রিত হয়েছে তার বর্ণনা দাও।



২৪। ‘শ্রীমধুসূদন’ নাটকে উনিশ শতকের যে সমাজচিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

২৫। “ ‘শ্রীমধুসূদন’ নাটকে মধুসূদনের জীবনের নানা ঘটনার সমাহার লক্ষ্য করা যায়।” তোমার পাঠ অভিজ্ঞতার সাহায্যে তা সংক্ষেপে আলোচনা করো।
